

## 💵 যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ৩৯২

১/ বিবিধ

আরবী

إن فى الجنة بابا يقال: له الضحى، فإذا كان يوم القيامة نادى مناد: أين الذين كانويديمون على صلاة الضحى؟ هذا بابكم فادخلوه برحمة الله عز وجل ضعيف جدا

رواه الطبراني في " الأوسط " (1 / 59 / 1 - من " زوائد المعجمين ") وأبو حفص الصيرفي في " حديثه " (166 / 1) وكذا ابن لال في " حديثه " (116 / 1) ونصر المقدسي في " المجلس 121 من الأمالي " (2 / 2) عن سليمان بن داود اليمامي، عن يحيى بن أبي كثير، عن أبي سلمة بن عبد الرحمن بن عوف، عن أبي هريرة مرفوعا، وقال الطبراني: لم يروه عن يحيى إلا سليمان قلت: وهذا إسناد ضعيف جدا، وعلته اليمامي هذا فإنه متروك ومن طريقه رواه الحاكم في جزء له في صلاة الضحى كما في " زاد المعاد " (1 / 129 – 134) وله علة أخرى وهي عنعنة ابن أبي كثير فإنه كان يدلس والحديث ضعفه المنذري في " الترغيب " (1 / 237)

## বাংলা

৩৯২। জান্নাতে একটি দরজা আছে, তাকে বলা হয় যুহা। যখন কিয়ামত দিবস সংঘটিত হবে, তখন একজন আহবানকারী ডাক দিয়ে বলবেঃ কারা সে সব ব্যক্তিরা যারা সালাতুয যুহা সর্বদা আদায় করেছিলে? এটি আপনাদের দরজা। অতএব আল্লাহর রহমতে আপনারা এ দরজা দিয়ে প্রবেশ করুন।



## হাদীসটি নিতান্তই দুর্বল।

এটি তাবারানী "মুজামুল আওসাত" গ্রন্থে (১/৫৯/১), আবু হাফস সাইরাকী তার "আল-হাদীস" গ্রন্থে (১/২৬৩), অনুরূপভাবে ইবনু লাল তার "আল-হাদীস" গ্রন্থে (১/১১৬) এবং নাসর আল-মাকদেসী "আল-মাজলিস (১২১) মিনাল আমলী" গ্রন্থে (২/২) সুলায়মান ইবনু দাউদ ইয়ামামী হতে, তিনি ইয়াহইয়া ইবনু আবী কাসীর হতে ... বর্ণনা করেছেন।

তাবারানী বলেনঃ ইয়াহইয়া হতে সুলায়মান ছাড়া অন্য কেউ বর্ণনা করেননি।

আমি (আলবানী) বলছিঃ এটির সনদ নিতান্তই দুর্বল। কারণ এ ইয়ামামী মাতর্রক। তার সূত্র হতে হাকিম তার "সালাতুয যুহা অংশে" বর্ণনা করেছেন, যেমনভাবে "যাদুল মায়াদ" গ্রন্থে (১/১২৯-১৩৪) এসেছে। হাদীসটির আরেকটি সমস্যা আছে। সেটি হচ্ছে ইবনু আবী কাসীর হতে আন্ আন্ শব্দে বর্ণিত হয়েছে, কারণ তিনি তাদলীস করতেন। মুন্যেরী "আত-তারগীব" গ্রন্থে (১/২৩৭) হাদীসটিকে দুর্বল আখ্যা দিয়েছেন।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন